# 2020

## PHILOSOPHY — GENERAL

### Paper : SEC-A-1

### (Logical Reasoning and Application)

**Full Marks : 80**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নাও (***যে-কোনো দশটি***) ঃ ১×১০

(ক) ন্যায় মতে লৌকিক সন্নিকর্ষ

(অ) ছয় প্রকার (আ) চার প্রকার

(ই) দুই প্রকার (ঈ) পাঁচ প্রকার।

(খ) ন্যায় মত অনুসারে অভাব প্রত্যক্ষে যে সন্নিকর্ষ হয় সেটি হল

(অ) সমবেত সমবায় সন্নিকর্ষ (আ) সমবায় সন্নিকর্ষ

(ই) বিশেষণ-বিশেষ্য ভাব (ঈ) সংযুক্ত সমবেত সমবায় সন্নিকর্ষ।

(গ) চক্ষুরিন্দ্রিয়ের দ্বারা গতিশীল বলের প্রত্যক্ষে যে সন্নিকর্ষ হয়, তার নাম

(অ) সংযোগ (আ) সংযুক্ত সমবায়

(ই) সংযুক্ত সমবেত সমবায় (ঈ) সমবায়।

(ঘ) অসিদ্ধ হেত্বাভাস

(অ) ত্রিবিধঃ (আ) দ্বিবিধঃ

(ই) চতুর্বিধঃ (ঈ) পঞ্চবিধঃ।

(ঙ) 'পর্বতো ধূমবান্ বহ্নেঃ'— এটি

(অ) স্বরূপাসিদ্ধ হেত্বাভাসের দৃষ্টান্ত (আ) ব্যাপ্যত্বাসিদ্ধ হেত্বাভাসের দৃষ্টান্ত

(ই) বাধিত হেত্বাভাসের দৃষ্টান্ত (ঈ) আশ্রয়াসিদ্ধ হেত্বাভাসের দৃষ্টান্ত।

(চ) অজ্ঞানজনিত আপিল (Appeal to ignorance) যে যৌক্তিক দোষের অন্তর্ভুক্ত, তা হল

(অ) প্রাসঙ্গিকতাজনিত দোষ (Fallacy of Relevance)

(আ) ভ্রান্ত আরোহ অনুমানজনিত দোষ (Fallacy of Defective Induction)

(ই) দ্ব্যর্থকতা দোষ (Fallacy of Ambiguity)

(ঈ) প্রাক্‌সিদ্ধান্তজনিত দোষ (Fallacy of Presumption)।

(ছ) প্রাসঙ্গিকতাজনিত দোষ (Fallacy of Relevance)

(অ) সাত প্রকার (আ) ছয় প্রকার

(ই) পাঁচ প্রকার (ঈ) চার প্রকার।

(জ) 'ট্রায়ারস্ অফ ফ্যাক্ট' (Triers of Fact) হলেন

(অ) জুরি (আ) জজ সাহেব

(ই) জুরি এবং জজ সাহেব উভয়েই (ঈ) বাদী।

(ঝ) আইনি পদ্ধতিতে যে ভাষা সাধারণত ব্যবহার করা হয়, সেটি হল

(অ) তথ্যমূলক ভাষা (আ) ভাবপ্রকাশক ভাষা

(ই) নির্দেশমূলক ভাষা (ঈ) আবেগপ্রধান ভাষা।

(ঞ) সাধারণত বিজ্ঞানে শনাক্তকরণের ক্ষেত্রে ও যে-কোনো সমস্যার সমাধানে যে পদ্ধতি প্রয়োগ করা হয়, সেটি হল

(অ) তদন্ত পদ্ধতি (আ) আরোহ পদ্ধতি

(ই) অবরোহ পদ্ধতি (ঈ) আইনি পদ্ধতি।

(ট) আইনি মামলায়, কোনো প্রদত্ত ঘটনার প্রকৃত তথ্য নির্ধারণের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি হলেন

(অ) সাক্ষী (আ) বিচারক অথবা জুরি

(ই) আইনজীবী (ঈ) বাদী।

(ঠ) পক্ষধর্মতা জ্ঞান বলতে বোধিত হয়

(অ) পক্ষে সাধ্যের বৃত্তিত্বের জ্ঞান (আ) পক্ষে হেতুর বৃত্তিত্বের জ্ঞান

(ই) হেতু ও সাধ্যের সম্বন্ধের জ্ঞান (ঈ) এদের কোনোটিই নয়।

২। সংক্ষিপ্ত উত্তর দাও (*যে-কোনো পাঁচটি*) ঃ ৫×৫

(ক) সংযুক্ত সমবায় ও সংযুক্ত সমবেত সমবায় সন্নিকর্ষের একটি করে দৃষ্টান্ত দাও।

(খ) 'বহ্নি অনুষ্ণ বা ঠান্ডা, যেহেতু বহ্নি দ্রব্য।'— এই অনুমানস্থলে কোন হেত্বাভাস হয়েছে তা যুক্তিসহ আলোচনা করো।

(গ) উদাহরণসহ সপক্ষ ও বিপক্ষের মধ্যে পার্থক্য নিরূপণ করো।

(ঘ) সাক্ষ্য প্রমাণের মূলনীতি বলতে কী বোঝো?

(ঙ) আইনি বিতর্ক অনুসারে দূরবর্তী কারণ ও নিকটবর্তী কারণ দৃষ্টান্তসহ সংক্ষেপে আলোচনা করো।

(চ) আইনি বিতর্ক ব্যবস্থায় সম্ভাব্যতার প্রয়োগ সংক্ষেপে আলোচনা করো।

(ছ) (অ) যন্ত্রের প্রতিটি অংশ কার্যকরী সুতরাং যন্ত্রটি কার্যকরী।

(আ) রাখাল অন্ধের মতো সকলকে বিশ্বাস করে, সুতরাং রাখাল চোখে দেখতে পায় না।
—উক্ত যুক্তি দুটির দোষ নির্ণয় করো।

(জ) যে-কোনো একটি অপ্রাসঙ্গিকতাদোষ উদাহরণসহ আলোচনা করো।

৩। *যে-কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) আইন কাকে বলে? আইন কয় প্রকার ও কী কী? ফৌজদারি আইন ও দেওয়ানি আইনের মধ্যে উদাহরণসহ পার্থক্য নির্ণয় করো। ৫+(৫+৫)

(খ) অনুমিতির পক্ষ, সপক্ষ এবং বিপক্ষের লক্ষণ দাও। 'শব্দ অনিত্য কার্যত্বাৎ'— অনুমিতির পক্ষ, সপক্ষ এবং বিপক্ষ নির্ধারণ করো। ৯+৬

(গ) স্বার্থানুমিতি ও পরার্থানুমিতির পার্থক্য করো। পরার্থানুমিতির প্রতিটি অবয়বের স্বরূপ ও প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ৫+১০

(ঘ) সব্যভিচার হেত্বাভাস কাকে বলে? বিভিন্ন প্রকার সব্যভিচার হেত্বাভাস দৃষ্টান্তসহ আলোচনা করো। ৩+১২

(ঙ) অস্পষ্টতা দোষ কাকে বলে? এই দোষ কয় প্রকার ও কী কী? যে-কোনো দুটি অস্পষ্টতাজনিত দোষ উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো। ৫+১০

(চ) উপমা যুক্তি কাকে বলে? আইনি সমস্যার সমাধানে উপমা যুক্তির ব্যবহার ও প্রাসঙ্গিকতা ব্যাখ্যা করো। ৫+১০

## [**English Version**]

*The figures in the margin indicate full marks.*

**1.** Choose the correct option (***any ten***) : 1×10

(a) According to the Nyāya Philosophy ordinary operative relations (laukika sannikarṣa) are of

(i) six types (ii) four types

(iii) two types (iv) five types.

(b) Sannikarṣa, that occurs in the perception of absence or non-existence is

(i) samaveta samavāya sannikarṣa (ii) samavāya sannikarṣa

(iii) viśeṣaṇa-viśeṣyabhāva (iv) saṁyukta samavetasamavāya sannikarṣa.

(c) Sannikarṣa, that occurs when we perceive the movement of the running ball through visual sensation is

(i) saṁyoga (ii) saṁyukta samavāya

(iii) saṁyukta samaveta samravāya (iv) samavāya.

(d) Asiddha Hetvābhāsa is of

(i) three types (ii) two types

(iii) four types (iv) five types.

(e) 'The Hill is smokey since it is fiery.'— It is an example of

(i) svarupāsiddha hetvābhāsa (ii) vyāpyatvāsiddha hetvābhāsa

(iii) vādhita hetvābhasa (iv) āshrayāsiddha hetvābhāsa.

(f) 'Appeal to ignorance' is included in the logical fallacy called

(i) Fallacy of Relevance
(ii) Fallacy of Defective Induction
(iii) Fallacy of Ambiguity
(iv) Fallacy of Presumption.

(g) Fallacy of Relevance is of

(i) seven types
(ii) six types
(iii) five types
(iv) four types.

(h) 'Triers of fact' refers to

(i) the jury
(ii) a judge
(iii) both the jury and a judge
(iv) a plaintiff.

(i) In the law, language is commonly used—

(i) Informative
(ii) Expressive
(iii) Directive
(iv) Emotive.

(j) In science, in detection and in all problem-solving the method used is—

(i) Inquiry
(ii) Inductive
(iii) Deductive
(iv) Legal.

(k) A person who is charged with determining the facts of a given set of events in a legal case is

(i) the witness
(ii) the judge or jury
(iii) the solicitor
(iv) the defendant.

(l) *Pakṣadharmatā* jñāna means

(i) the knowledge of the presence of sādhya in pakṣa
(ii) the knowledge of the presence of hetu in pakṣa
(iii) the knowledge of the relation between hetu and sādhya
(iv) None of these.

**2.** Answer in brief (***any five***) : 5×5

(a) Give two examples of saṁyukta samavāya and saṁyukta samaveta samavāya sannikarṣa-s one for each.

(b) 'Fire is cold, because fire is a substance.'— Which hetvābhāsa is committed by this? Give reasons.

(c) Distinction between sapakṣa and vipakṣa with suitable examples.

(d) What do you understand by the principles of law of evidence?

(e) Discuss in brief, with suitable examples, remote and proximate causes following in legal argument.

(f) Discuss in brief the application of probability in legal argument.

(g) (i) All parts of this instrument are functional. Hence, the instrument is functional.

(ii) Rakhal blindly believes everyone. So, he is blind.

Find out the fallacies of the above arguments.

(h) Discuss any one of the fallacies of irrelevance with suitable examples.

**3.** Answer ***any three*** questions :

(a) What is law? Mention the types and names of different kinds of law. Make a distinction between criminal law and civil law with examples. 5+(5+5)

(b) Give the definition of pakṣa, sapakṣa and vipakṣa in case of anumiti. 'Sound is non-eternal as it is an effect.'— Indicate the pakṣa, sapakṣa and vipakṣa of this inference. 9+6

(c) Distinguish between svārthānumiti and parārthānumiti. Explain the nature and function of each avayavas of parārthānumiti. 5+10

(d) Define Savyabhicāra Hetvābhāsa. Discuss different types of savyabhicāra hetvabhāsa with suitable examples. 3+12

(e) What is the 'Fallacy of Ambiguity'? Mention the types and names of 'Fallacy of Ambiguity'. Explain any two types of 'Fallacy of Ambiguity' with suitable examples. 5+10

(f) What is analogical argument? Explain its use and relevance in resolving legal controversy. 5+10